

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd))

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০০৩.২০১৫(অংশ-১)-১১৯

তারিখঃ ১২/০৫/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

তথ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক(দৃশ্যসজ্জা ও রেখায় প্রশিক্ষণ), (১ম শ্রেণি) পদে প্রার্থীদের ২০০ নম্বরের রচনামূলক লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে সময়সূচী ও আসন ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবে :-

পরীক্ষার কেন্দ্র, সময়সূচী ও আসন ব্যবস্থা

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম	প্রার্থী সংখ্যা
৩০/০৫/২০১৬ ইং তারিখ, সোমবার সকাল ১০.০০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত।	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭	সহকারী পরিচালক(দৃশ্যসজ্জা ও রেখায় প্রশিক্ষণ) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।	২৮ জন

২। এই বিজ্ঞপ্তি উল্লিখিত সাময়িকভাবে যোগ্য প্রার্থীসমূহ জন্ম লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী এবং সাময়িকভাবে যোগ্য প্রার্থীর তালিকা ও বাতিল তালিকা কমিশনের ([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)) ওয়েব সাইটে পাওয়া যাবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।  
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)

নং-৮০.১০২.০১১.০০.০০.০৩.২০১৫(অংশ-১)-২০০

তারিখঃ ১২/০৫/২০১৬ ইং।

বিষয় : আগামী ৩০/০৫/২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য তথ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর ১ম শ্রেণির সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন) পদে রচনামূলক লিখিত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী।

- (১) সাময়িকভাবে যোগ্য প্রার্থীদেরকে উল্লিখিত পদের জন্য বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয় -৬০ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- (২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- (২) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীগণকে একই সাথে ৪ টি বিষয়ের জন্য আলাদা আলাদা ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণ বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- (৪) প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কক্ষে ব্যাগ, হাত ঘড়ি, বইপত্র, মোবাইল ফোন আনা এবং কোন প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটরসহ সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- (৫) পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসাধু পস্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে অভিযুক্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- (৬) শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন।
- (৭) সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হচ্ছে। সাময়িকভাবে যোগ্য প্রার্থীর মধ্যে কেহ প্রবেশপত্র না পেলে ২(দুই)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৯মে, ২০১৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পরিচালক,(ইউনিট-২) বরাবর আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে না।



ড. নাছিমা আক্তার  
পরিচালক(ইউনিট-২)।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।  
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]